

অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬,
ফোন : ৮০০০৪৭৮, ফ্যাক্স: ৮০০০৪৪৩



OFFICE OF THE BA/BSS PROGRAM
BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS
MIRPUR CANTT, DHAKA-1216
Phone: (Off) 8000478
Fax:8000443, E-mail: dirbods@bup.edu.bd

২৩.০১.৯০২.৮৫৮.২৯.০১.০২.১১.১৭

৮ কার্তিক ১৪২৪/০২ নভেম্বর ২০১৭

২০১৮ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব আর্টস (বিএ) এবং ব্যাচেলর অব সোস্যাল সাইন্স (বিএসএস) পাস প্রোগ্রামে সশস্ত্রবাহিনী এবং বিজিবি এর জেসিও ও অন্যান্য পদবীর সৈনিকগণের অনিয়মিত (প্রাইভেট) শিক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন প্রসংগে

বরাত :

- ক। অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.২২.৭৮৬.০১.২০.১০.১৪ তারিখ ২০ অক্টোবর ২০১৪ (সকলকে নয়)।
খ। অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.২২.৭৮৬.০১.০৩.১২.১৪ তারিখ ০৪ ডিসেম্বর ২০১৪ (সকলকে নয়)।
গ। অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.২২.৭০৩.০১.১২.০৫.১৫ তারিখ ১৪ মে ২০১৫।
ঘ। অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.২২.৭০৩.০১.০১.০৬.১৫ তারিখ ০২ জুন ২০১৫।
ঙ। ডিপার্টমেন্ট অব ডিফেন্স স্টাডিজ, বিইউপি পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.২২.৭০১.০১.১৮.০৮.১৫ তারিখ ১৮ আগস্ট ২০১৫ (সকলকে নয়)।
চ। ডিপার্টমেন্ট অব ডিফেন্স স্টাডিজ, বিইউপি পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.২২.৭০১.০১.১৮.০৮.১৫/১ তারিখ ১৮ আগস্ট ২০১৫ (সকলকে নয়)।

- ১। ২০১৮ শিক্ষাবর্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব আর্টস এন্ড সোস্যাল সাইন্স এর অধীন বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে সশস্ত্রবাহিনী এবং বিজিবি এর কর্মরত/অবসরপ্রাপ্ত জেসিও এবং অন্যান্য পদবীর সৈনিকদের অনিয়মিত (প্রাইভেট) শিক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। বিষয়োক্ত প্রোগ্রামে আত্মহী উল্লেখিত সদস্যদের রেজিস্ট্রেশনের আবেদন উক্ত সময়ের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

ক। শর্তাবলী

- (১) এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
(২) এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণের কমপক্ষে ৩ বৎসর পর বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে অনিয়মিত (প্রাইভেট) পরীক্ষার্থী হিসেবে ভর্তি হতে পারবে (কর্মরত/অবসরপ্রাপ্ত)।

খ। রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী।

- (১) রেজিস্ট্রেশন ফরমের যথাস্থানে বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের জন্য বিইউপির সংশ্লিষ্ট অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম (যেমন : দি ইস্ট বেংগল রেজিমেন্টাল সেন্টার এন্ড কলেজ), প্রোগ্রামের নামঃ বিএ (পাস) অথবা বিএসএস (পাস), সেশন ২০১৭-২০১৮ এবং এসএসসি পাশ সনদ অনুযায়ী শিক্ষার্থীর পূর্ণনাম উল্লেখ করতে হবে।
(২) রেজিস্ট্রেশন ফরম অস্পষ্ট, কাঁটাছেড়া বা ঘষামাজা করা যাবে না। এক্ষেত্রে চাহিদা প্রেরণ সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক ছাপানো রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করা যেতে পারে।
(৩) পূরণকৃত ফরমের যথাস্থানে এবং শিক্ষার্থীর ছবির উপরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এর সীলযুক্ত স্বাক্ষর থাকতে হবে।

